

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
প্রশাসন-২ শাখা  
[www.mos.gov.bd](http://www.mos.gov.bd)

সংখ্যা ৪-১৮.০০.০০০০.০১৬.২৫.০০৩.২০১৫(অংশ-১)- ১১৬


তারিখ : ০১-০৩-২০১৮

বিষয়ঃ এলডিসিভুক্ত দেশ হতে বাংলাদেশের উত্তরণঃ নৌপরিবহন সেक्टरের অর্জিত সাফল্য, চলমান কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা শীর্ষক সেমিনার আয়োজনের অগ্রগতি পর্যালোচনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, এলডিসিভুক্ত দেশ হতে বাংলাদেশের উত্তরণঃ উদযাপন উপলক্ষে আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ নৌপরিবহন সেक्टरের অর্জিত সাফল্য, চলমান কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা শীর্ষক একটি সেমিনার আয়োজন করা হয়েছে। সেমিনার আয়োজনের প্রস্তুতির অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে আয়োজিত সভাটি অনিবার্য কারণবশতঃ ০৬-০৩-২০১৮ তারিখের পরিবর্তে আগামী ০৭-০৩-২০১৮ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় সচিব মহোদয়ের সভাপতিত্বে নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সেমিনারে নিম্নবর্ণিত বিষয়সমূহ উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

ক্রমিক	নিবন্ধ	উপস্থাপক
১.	নদী পথের নাব্যতা রক্ষায় ড্রেজিং কার্যক্রম এর অর্জিত সাফল্য, ভবিষ্যৎ পরিকল্পনা এবং চ্যালেঞ্জসমূহ;	চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ।
২.	দেশের সমুদ্র বন্দর/নদী বন্দর /স্থল বন্দর ব্যবস্থাপনায় অর্জিত সাফল্য এবং চ্যালেঞ্জসমূহ ;	চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ/পায়রা বন্দর কর্তৃপক্ষ/মোংলা বন্দর কর্তৃপক্ষ/বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ/বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ।
৩.	দেশের নৌপথ ও নৌযানের সুষ্ঠু ব্যবস্থাপনার বিধি-বিধান এবং বিদেশে বাংলাদেশী নাবিকদের চাকুরির সম্ভাবনা ও চ্যালেঞ্জসমূহ।	মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর।

২। এমতাবস্থায়, আগামী ০৭ মার্চ ২০১৮ তারিখ অনুষ্ঠিতব্য সেমিনার আয়োজনের অগ্রগতি পর্যালোচনা সভায় উল্লিখিত বিষয়সমূহ উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট উপস্থাপকগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
০১.০৩.২০১৮  
(রেবেকা সুলতানা)  
উপ সচিব (প্রশাসন-২)  
ফোন : ৯৫১৫৫৫১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। চেয়ারম্যান, চবক/বাস্থক/বিআইডব্লিউটিএ/মোবক/পাবক/ বিআইডব্লিউটিসি।
- ২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর।
- ৩। সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বাণিজ্যিক/আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ২। যুগ্ম সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।